দৈনিক ইনকিলাব

তারিখ 05 MAR 1987
পৃষ্ঠা 4 কলাম 1

বাংলাদেশ শিক্ষা তথ্য ও ... ডকুমেন্টেশন কেন্দ্র

142

# উপজেলা পরিক্রমা

## গোমস্তাপুর

চাঁপাইনবাবগঞ্জ, ৪ মার্চ (সংবাদদাতা)।— চাঁপাইনবাবগঞ্জ জেলার এক অবহেলিত উপজেলা গোমস্তাপুর। উপজেলা হিসেবে নামকরণ গোমস্তাপুর হলেও রহনপুরেই এর কেন্দ্রস্থল। ফলতঃ এই উপজেলার ব্যাপক পরিচিতি তাই রহনপুরকে ঘিরেই। গোমস্তাপুর- উপজেলার আয়তন ১২৩ বর্গমাইল। লোকসংখ্যা ১ লাখ ৫৩ হাজার ৭৬৭ জন। তন্মধ্যে পুরুষ ৭৮ হাজার ৮৮৩ জন এবং মহিলা ৭৪ হাজার ৮৮৪ জন। এই উপজেলায় ইউনিয়ন ৮টি, গ্রাম ২৪০টি এবং মৌজা ১৬৬টি।

### কৃষি

মোট জমি ৭৮ হাজার ৭২০ একর। আবাদী জমি ৫২ হাজার ৫৯৬ একর। অনাবাদী জমি ১৬ হাজার ১৩৪ একর। সেচের জন্য স্যালো টিউবওয়েল ৩২১টি, হস্তচালিত নলকূপ ৬৬৮টি।

### যোগাযোগ

ইট বিছানো রাস্তা ২৩ মাইল, পাকা রাস্তা দেড় মাইল, কাঁচা রাস্তা ২৬ মাইল। ফেরীঘাট ২টি। রহনপুরের সাথে যোগাযোগের মাধ্যম রেল ও সড়ক পথ। সড়ক ব্যবস্থা অত্যন্ত খারাপ। রহনপুরের মোকরমপুর ঘাট পর্যন্ত সড়কটি সম্পূর্ণ পাকা করা হলে গোমস্তাপুর উপজেলার কেন্দ্রস্থল রহনপুরের সাথে যেমন উন্নত যোগাযোগ প্রতিষ্ঠিত হবে ঠিক তেমনি জেলার অপর উপজেলা ভোলাহাটের সাথেও একটি সমন্বিত যোগাযোগ গড়ে উঠবে।

### শিক্ষা

মহাবিদ্যালয় ২টি, মাধ্যমিক বিদ্যালয় ১২টি, বালিকা বিদ্যালয় ২টি, নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ৩টি, সরকারী প্রাথমিক বিদ্যালয় ৫২টি, বেসরকারী প্রাথমিক বিদ্যালয় ১৪টি, মাদ্রাসা ১০টি।

### চিকিৎসা

দাতব্য চিকিৎসালয় ৩টি, মাতৃসদন ১টি, স্বাস্থ্য কমপ্লেক্স ১টি। স্বাস্থ্য কমপ্লেক্সটি নানাবিধ সমস্যায় জর্জরিত। রহনপুর স্বাস্থ্য কমপ্লেক্সটি একটি ১০০ শয্যার হাসপাতাল হিসেবে প্রতিষ্ঠা করা হলে এ উপজেলার চিকিৎসা ব্যবস্থার উন্নয়ন হতে পারে।

### অন্যান্য

হাট ৫টি, বাজার ৬টি, বৃহৎ শিল্প স্বয়ংক্রি ধান ভাঙ্গা কল ১টি, ক্ষুদ্র শিল্প ৫৪০টি ডাকঘর ১০টি, টেলিগ্রাম অফিস ১টি টেলিফোন একচেঞ্জ ১টি, তাঁত শি ৫৩৩টি, মৎস্য শিল্প ৩৭৫টি, বাঁশ ও বে শিল্প ২০টি।

ঐতিহাসিক নিদর্শন সাড় বুরুঞ্জ টিলা, ধ এবং আমের জন্য বিখ্যাত।